দুর্গাপুরে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত

দুর্গাপুর প্রতিনিধি- রাজশাহীর দুর্গাপুরে “শিক্ষকের কন্ঠস্বর: শিক্ষায় একটি নতুন সামাজিক অঙ্গীকার” এই প্রতিপাদ্য সামনে রেখে বিশ্ব শিক্ষক দিবস ২০২৪ উপলক্ষে উপজেলা প্রশাসন ও উপজেলা শিক্ষা বিভাগের আয়োজনে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

৫ অক্টোবর সকাল ১০ টার সময়ে উপজেলা কনফারেন্স রুমে আলোচনাসভা শেষে উপজেলা চত্বর থেকে শুরু হওয়া বর্ণাঢ্য র্যালি বাজারের বিভিন্ন এলাকা প্রদক্ষিণ করে। উক্ত অনুষ্ঠানে উপজেলা একাডেমিক সুপারভাইজার মুহিদুল ইসলামের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সাবরিনা শারমিন,বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিভিন্ন প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক বৃন্দ। শিক্ষকরা দিবসটি উপলক্ষে তাদের না,না, প্রতিবন্ধকতা বর্ণনা করেন। প্রধান অতিথি মহান শিক্ষকদের পাশে থাকার আশ্বাস দিয়ে দিবসটি নিয়ে বিস্তার আলোচনা করে তিনি বলেন, শিক্ষায় একটি জাতির মেরুদন্ড, শিক্ষা একটি দেশ ও জাতিকে বিশ্ব দরবারে প্রতিষ্ঠিত করে। শিক্ষার আলো ব্যক্তিকে, সমাজকে, দেশকে, আলোকিত করে। এই আলো জ্বালানোর প্রধান কারিগর আমাদের শ্রদ্ধেয় শিক্ষক। প্রত্যেকটি ছাত্রছাত্রীদের জীবনে সেই আসার আলো, যিনি সঠিক দিক নির্দেশনা করে ছাত্র-ছাত্রীকে উন্নতির পথে নিয়ে যান। আজ শিক্ষক দিবস উপলক্ষে প্রত্যেক শিক্ষকদের জানাই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা।

জানা যায়, বিশ্ব শিক্ষক দিবস ১৯৯৫ সাল থেকে প্রতি বছর এই দিনে বিশ্বব্যাপী পালন করা হয়। ইউনেস্কোর মতে, বিশ্ব শিক্ষক দিবস শিক্ষা ও উন্নয়নের ক্ষেত্রে শিক্ষকদের অবদানের স্বীকৃতি স্বরূপ পালন করা হয়।